দৈনিক ইত্তেফাক

তারিখ 25 DEC 1995
পৃষ্ঠা ৩ কলাম ৪

106

ঢাকা বিশ্ববিদ্যালয়

# শিক্ষক সমিতির নির্বাচনে এবার সরাসরি দুই প্যানেলের প্রতিদ্বন্দ্বিতা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। আগামী ৩০শে ডিসেম্বর অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে শিক্ষক কর্মকর্তাদের ১৫টি পদের জন্য ২টি পৃথক শিক্ষক প্যানেল হইতে ৩০ জন শিক্ষক প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিনে গত শনিবার রাতে

(৮ম পৃঃ দ্রঃ)

## শিক্ষক সমিতির নির্বাচনে

(৩য় পৃঃ পর)

বিএনপি সমর্থিত 'সাদা' প্যানেল হইতে ৫ জন শিক্ষক মনোনয়ন পত্র প্রত্যাহার করিয়া নেন। গত বৃহস্পতিবার ১৫টি পদের জন্য সাদা প্যানেল হইতে ২০ জন শিক্ষক মনোনয়ন পত্র জমা দেন। এইদিকে 'জামায়াত' সমর্থক শিক্ষকদের অপর 'সাদা' দলটিও বিএনপি-সমর্থিত 'সাদা' দলে মিশিয়া নির্বাচনে অংশগ্রহণ করিয়াছে। নিরপেক্ষ বলিয়া দাবীদার 'গোলাপী' দলের শিক্ষকরা এই বছর নির্বাচনে অংশগ্রহণ হইতে বিরত রহিয়াছেন। তবে তাহারা আওয়ামী লীগ ও আংশিক বামফ্রন্টের সমর্থক বলিয়া পরিচিত 'নীল' প্যানেলের প্রার্থীদের এককভাবে ভোট প্রদান করিবেন না বলিয়া জানাইয়াছেন। 'গোলাপী' দলের নেতা ও কলা অনুষদের ডীন প্রফেসর আমিনুল ইসলাম ইত্তেফাককে বলেন, আমরা প্রার্থীর নিরপেক্ষতা যাচাই করিয়া ভোট দিব। যিনি বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন রক্ষার জন্য কাজ করিবেন এবং কোন রাজনৈতিক দলের মুখপাত্র হিসাবে নিজেকে উন্মোচন করিবেন না তাহাকেই আমরা নির্বাচিত করার চেষ্টা করিব। তিনি কোন্ দলের উহা আমাদের নিকট বিবেচ্য নহে।

"নীল' প্যানেল হইতে প্রতিদ্বন্দ্বিতাকারী শিক্ষকরা হইতেছেন: সভাপতি পদে প্রফেসর এটি,এম জহুরুল হক (অর্থনীতি বিভাগ), সাধারণ সম্পাদক পদে ডঃ আ, আ,ম,ম আরেফীন সিদ্দিক (গণযোগাযোগ ও সাংবাদিকতা), সহ-সভাপতি পদে প্রফেসর মাহবুবুর রহমান (রসায়ন), যুগ্ম-সম্পাদক প্রফেসর শহিদ আক্তার হোসাইন (মৃত্তিকা বিজ্ঞান), কোষাধ্যক্ষ পদে প্রফেসর ইফতেখার গণি চৌধুরী (আইবিএ), ইহাছাড়া ১০টি সদস্য পদে: প্রফেসর এ কে আজাদ চৌধুরী (ফার্মেসী), প্রফেসর খন্দকার বজলুল হক ব্যবস্থাপনা, প্রফেসর শাহাদাত আলী (প্রাণীবিদ্যা), প্রফেসর গিয়াসউদ্দিন আহমদ (লোক প্রশাসন), প্রফেসর রফিকুল ইসলাম শরীফ (ফলিত পদার্থ বিজ্ঞান), প্রফেসর অমল কৃষ্ণহালদার (গণীত), শরীফুল্লাহ ভুইয়া (ইতিহাস), প্রফেসর ইমামুল হক (মৃত্তিকাবিজ্ঞান), প্রফেসর আফরোজ জাহান (আইইআর) ও প্রফেসর আবদুল মান্নান চৌধুরী (ব্যবস্থাপনা বিভাগ)।

মনোনয়নপত্র প্রত্যাহারের পর বর্তমানে 'সাদা' প্যানেলের প্রার্থীরা হইতেছেন: সভাপতি: ডঃ জিন্নাতুন্নেসা তাহমিদা বেগম (উদ্ভিদ বিদ্যা), সাধারণ সম্পাদক প্রফেসর রাশিদুল হাসান (মার্কেটিং) সহ-সভাপতি: ডঃ জিয়াউশ শামস (ভূগোল), যুগ্ম সম্পাদক: প্রফেসর জি,এম, চৌধুরী (আইবিএ), কোষাধ্যক্ষ: প্রফেসর জালালউদ্দিন (ফিন্যান্স), ১০টি সদস্য পদে: ডঃ ইউসুফ হায়দার (পদার্থ বিজ্ঞান), প্রফেসর হাবিবা খাতুন (ইসলামের ইতিহাস), প্রফেসর তাসমেরী আখতার, সেলিমা বেগম (রসায়ন), প্রফেসর আনোয়ার হোসেন (আইবিএ), প্রফেসর সাঈদ-উর রহমান (বাংলা), প্রফেসর আব্দুস সাত্তার (চারুকলা), প্রফেসর আব্দুল ওয়াদুদ ভূঁইয়া (রাষ্ট্রবিজ্ঞান), ডঃ শাহজাহান মিয়া (ফিন্যান্স), প্রফেসর সিরাজুল ইসলাম (ফলিত রসায়ন), ও প্রফেসর খলিলুর রহমান।